# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩- ১৫৭৩ তারিখ ঃ ১৩/১২/২০২৩ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৩৭ (সাইত্রিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ | ১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রি. |
| বার | ঃ | রোজ বুধবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

<u>আলোচ্য সূচি-০১</u> ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**আলোচনা** ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২০/১১/২০২৩ খ্রি. তারিখ সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিগত সভার কার্যবিবরণী শ্রবণান্তে কোনরূপ পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-০২** ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে কর আদায় কার্যক্রম চলছে। তিনি আরো বলেন মানিকগঞ্জ পৌরসভায় হোল্ডিং ট্যাক্স এর বিল প্রদান কার্যক্রম চলছে। ডিসেম্বর ২০২৩ মাস দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচারনার মাস। এ মাসে শহীদ বুদ্ধিজীবী দিবস মহান স্বাধীনতা দিবস বড়দিন উপলক্ষে বিভিন্ন সময় সরকারী ছুটি থাকায় এবং দেশে প্রচন্ড শীত অবস্থান করায় এবং আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জণগনের রিবেট সহ হোল্ডিং ট্যাক্স প্রদান সমস্যা হচ্ছে বলে জানা গিয়েছে। এমতাবস্থায় রাজস্ব আদায়ের স্বার্থে এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন জনিত কারনে রিবেট সহ হোল্ডিং ট্যাক্স প্রদানের সময় সীমা বৃদ্ধি প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে এবং বিভিন্ন সরকারি ছুটির দিন থাকায় ৩১ ডিসেম্বরের পরিবর্তে ৩১ জানুয়ারী ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত রিবেট সহ হোল্ডিং ট্যাক্স প্রদানের সময় বৃদ্ধি করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৩** ঃ **উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে বিগত ২০/১১/২০২৩ খ্রি. তারিখ সভার সিদ্ধান্ত অনুযায়ী উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প গ্রহন করা প্রয়োজন । ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি বরাদ্দকৃত ৭৬,০০,০০০/- (ছিয়াত্তর লক্ষ) টাকার প্রকল্প গ্রহনের আহবান জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী জানান যে এডিপি প্রকল্পের টাকা হতে ওয়ার্ড ভিত্তিক প্রকল্প গ্রহন করা হবে কিনা ? কিংবা কি ভাবে বরাদ্দ করা হবে তা পরিষদ সভায় পরামর্শ করা প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলরগণ বলেন প্রতি কাউন্সিলরের অনুকুলে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) করে ৫,০০,০০০x১২ = ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা হিসেবে এবং মেয়র মহোদয় অনুকুলে ১৬০০০০০(ষোল লক্ষ) টাকার প্রকল্প গ্রহন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে কাউন্সিলরগণ কর্তৃক উপস্থাপিত ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা করে ৫,০০,০০০ x ১২ = ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকার প্রকল্প এবং মেয়র মহোদয় অনুকুলে ১৬,০০,০০০(ষোল লক্ষ) টাকার প্রকল্প গ্রহন পূর্বক প্রাক্কলন সহ পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৪** ঃ **ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ডেঙ্গু সহ অন্যান্য রোগ প্রতিরোধ কল্পে জাতীয় কমিটির সুপারিশ ও নির্দেশনা মোতাবেক ২০২৪ সনের জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং খসড়া প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা গত সভায় উপস্থাপন করা হয়। তিনি বলেন

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

কর্মপরিকল্পনা সমূহ প্রতিপালন জরুরী। সচেতন ভাবে কর্মপরিকল্পনা সমূহ মেনে চলতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কর্মপরিকল্পনা মোতাবেক সচেতনতা বৃদ্ধি কল্পে উঠান বৈঠকের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য মেয়র ও কাউন্সিলরগণ সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দায়িত্ব পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। আগামী মাস হতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা কমানোর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে পত্র প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার এবং জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা কমানোর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ মাসিক হিসাব বিবরণী আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা অক্টোবর/২০২৩ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ২,৮৪,৩৭,১৯০.৬৯ (দুই কোটি চুরাশি লক্ষ সাইত্রিশ হাজার একশত নব্বই টাকা উনসত্তর পয়সা) ও ব্যয় হয়েছে ১,৪৫,৯৯,১১৯.০০ (এক কোটি পয়তাল্লিশ লক্ষ নিরানব্বই হাজার একশত উনিশ) টাকা মাত্র। সমাপনী জের- ১,৩৮,৩৮,০৭১.৬৯ (এক কোটি আটত্রিশ লক্ষ আটত্রিশ হাজার একাত্তর টাকা উনসত্তর পয়সা) টাকা মাত্র। উপস্থাপিত হিসাব বিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কাউন্সিলরগণ বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নভেম্বর/২০২৩ মাসের হিসাব বিবরণী অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো এবং আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতের ব্যয় কমানোর জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-৭ ঃ পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় বস্তি ও দরিদ্র মানুষের মাঝে বিতরণের জন্য ১৬ (ষোল) টি সেলাই মেশিন ক্রয় করিয়া বিতরণের সুপারিশ গৃহিত হয়েছে। উল্লেখিত কমিটির কার্যবিবরণী সকলের উদ্দ্যেশে পড়ে শোনান। কাউন্সিলরগণ উল্লেখিত

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

বিষয়ে আলোচনা করেন। বস্তি ও দরিদ্র মানুষের মাঝে সেলাই মেশিন বিরতণ করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকার বস্তি ও দরিদ্র মানুষের মাঝে প্রতি কাউন্সিলর ০১(এক)টি করে এবং মেয়রের মাধ্যমে ০৪(চার) টি সেলাই মেশিন ক্রয় পূর্বক বিতরণের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৮** ঃ **জেলা আইন শৃঙ্খলা ও উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, জেলা উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির বিভিন্ন সভায় মানিকগঞ্জ পৌরসভার বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের গুনগত মান বজায় রেখে প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে। পৌর এলাকার বিভিন্ন রাস্তায় ও ফুটপাতে বিভিন্ন ধরনের ব্যবসায়ী ও হকারগণ মালামাল বিক্রি করে থাকেন। যাহা উচ্ছেদের জন্য উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মানিকগঞ্জ কাঁচা বাজারের পূর্ব পার্শ্বে রাস্তার ধারে এবং ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল গেটের দক্ষিণ পার্শ্বে ময়লা আবর্জনা ফেলে পরিবেশ দুষিত করছে। উক্ত ময়লা আবর্জনা যদিও পৌরসভা হতে দিনে দুইবার অপসারণ করা হয়। তার পরও উক্ত জায়গায় ময়লা না ফেলে অন্যত্র ফেলার এবং উক্ত স্থানে কনটেইনার স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। উপরোল্লেখিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জেলা উন্নয়ন সমন্বয় ও আইনশৃঙ্খলা কমিটির সুপারিশ মোতাবেক নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হলো।

(১) মানিকগঞ্জ পৌরসভার সকল উন্নয়ন প্রকল্প সমূহ প্রাক্কলন মোতাবেক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তরকে তাগিদ দেওয়ার ও নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

(২) ফুটপাত ও রাস্তায় অবৈধ ব্যবসা বন্ধের জন্য ইতোমধ্যে মাইকিং করা হয়েছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ এর পরে মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ ব্যবসায়ী ও হকারদেরকে উচ্ছেদ করার বিষয়ে পুনঃরায় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(৩) গত সভায় কাঁচা বাজারের সামনে ময়লা আবর্জনা ফেলার স্থানে পৌরসভার মাধ্যমে অতিদ্রুত সময়ের মধ্যে কনন্টেইনার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। উল্লেখ্য যে, ইতোমধ্যে কন্টেইনার ক্রয়ের প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমানে টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হলে কনন্টেইনার স্থাপন কাজ বাস্তবায়ন করা হবে।

**আলোচ্য সূচি-৯** ঃ **অবৈধ যানবাহন নিয়ন্ত্রণ বিষয়ে আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, পৌর এলাকায় হ্যালো বাইক সহ ইঞ্জিন চালিত রিক্সা ব্যপক হারে চলাচল করছে। রাস্তার তুলনায় যানবাহন বেশি হওয়ায় যানযট সৃষ্টি সহ বিশৃঙ্খলা অবস্থা তৈরী হচ্ছে। এ অবস্থা থেকে পরিত্রাণ হওয়া প্রয়োজন। ইতোমধ্যে ইঞ্জিন চালিত রিক্সা মালিক সমিতি তাদের রিক্সা সমূহের পৌরসভায় রেজিস্ট্রেশন করার আবেদন করেছেন। উল্লেখিত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে মেয়র ও কাউন্সিলরগণ বলেন পৌরসভা হতে প্রদানকৃত হ্যালোবাইক ছাড়া অন্যান্য হ্যালোবাইক আটক করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। তা ছাড়া ইঞ্জিন চালিত রিক্সা সমূহ পৌরসভা হতে লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান ইঞ্জিন চালিত অটো রিক্সার লাইসেন্স পৌরসভা হতে না দেওয়ার নির্দেশনা রয়েছে। বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ সম্পন্ন হওয়ার পর অবৈধ হ্যালোবাইক আটকের সিদ্ধান্ত গৃহিত হলো। ইঞ্জিন চালিত রিক্সার লাইসেন্স প্রদানে নিষেধ থাকার কারণে ইঞ্জিন চালিত রিক্সার লাইসেন্স না দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো এবং পৌরসভায় চলাচলরত সকল রিক্সার লাইসেন্স দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। পৌরসভা হতে রিক্সার লাইসেন্স প্রদানের জন্য ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে লাইসেন্স ফি গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-১০ ঃ **হ্যালোবাইকের ভাড়া নির্ধারণ সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ৭ জানুয়ারি ২০২৪ যাহা অতি সন্নিকটে। তাই উপস্থিত কাউন্সিলরগণ বলেন পৌর এলাকার হ্যালোবাইকের ভাড়া জাতীয় নির্বাচনের পরের সভায় উপস্থাপন করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর পরিষদের আগামী সভায় হ্যালোবাইকের ভাড়া নির্ধারণের বিষয়ে উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০১ ঃ **১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন খরচ বিষয়ে আলোচনা ঃ-**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসক কার্যালয় হতে ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. মহান বিজয় দিবস উদ্‌যাপনের লক্ষে কার্যবিবরণী ও কর্মসূচি পাওয়া গিয়েছে। ১৬ ডিসেম্বর উপলক্ষে পৌর অফিস ভবন ও পৌর পানি সরবরাহ অফিস ভবন লাইটিং কাজ বাস্তবায়ন করা হয় এবং ব্যানার ফেস্টুন, পতাকা, বিভিন্ন খেলার পুরুস্কার ক্রয় করা হয়। ১৬ ডিসেম্বর উপলক্ষে বিভিন্ন খরচ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে বিভিন্ন খরচ পৌরসভার রাজস্ব তহবিল হতে বহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০২ ঃ মানিকগঞ্জ জেলার মুক্তিযোদ্ধাদের মিলন মেলায় উপস্থিত শহীদ মুক্তিযোদ্ধাদের পরিবার, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদেরকে আপ্যায়ন সংক্রান্ত আলোচনা ঃ

আলোচনা ঃ মেয়র সভাকে জানান যে, প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও মানিকগঞ্জ জেলার মুক্তিযোদ্ধাদের মিলন মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মিলন মেলায় উপস্থিত শহীদ মুক্তিযোদ্ধাদের পরিবার, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদেরকে আপ্যায়ন করানো প্রয়োজন। বিষয়টি নিয়ে উপস্থিত কাউন্সিলরগণ সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ জেলার শহীদ মুক্তিযোদ্ধাদের পরিবার, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের মিলন মেলায় মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে তাদেরকে আপ্যায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং আপ্যায়নের খরচ পৌরসভার রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০৩ ঃ আর্থিক অনুদান বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান আর্থিক সহযোগিতা চেয়ে ০২(দুই) জন ব্যক্তি আবেদন করেছেন। আবেদন পত্র দুটি সভায় উপস্থাপন করা হয়। (১) জনাব মোঃ আবুল কালাম আজাদ

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন ও দৈনিক ইত্তেফাক, তার কিডনী প্রতিস্থাপন করার জন্য আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেছেন। আবেদন পত্রটিতে উল্লেখ করেছেন বর্তমানে সে ডায়ালাইসিস করাচ্ছেন এবং তার কিডনী প্রতিস্থাপন করতে প্রায় ৪০,০০,০০০/= (চল্লিশ লক্ষ) টাকার মত প্রয়োজন হবে। তার পরিবারের পক্ষে এত টাকা জোগার করা সম্ভব নয়। তাই কিডনী প্রতিস্থাপনের জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (২) জনাব মোঃ সাদেকুর রহমান, পিতামৃতঃ মোঃ মহর আলী, গ্রামঃ পশ্চিম সেওতা, পোঃ + থানা ও জেলা- মানিকগঞ্জ- আর্থিক সহযোগিতা চেয়ে গত ১২/১২/২০২৩ খ্রি. তারিখে একটি আবেদন পত্র মেয়র বরাবর দাখিল করেন। আবেদন পত্রটিতে উল্লেখ করেছেন গাছ থেকে পড়ে গিয়ে তার কোমর ভেঙ্গে গেছে। কোমরের অপারেশন ও চিকিৎসার জন্য অনেক টাকার প্রয়োজন। উল্লেখিত আবেদন পত্র দুটি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ আবুল কালাম আজাদ, মানিকগঞ্জ প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন ও দৈনিক ইত্তেফাক তার কিডনী প্রতিস্থাপন করার জন্য আর্থিক অনুদান হিসেবে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও জনাব মোঃ সাদেকুর রহমান, পিতামৃতঃ মোঃ মহর আলী, গ্রামঃ পশ্চিম সেওতা, পোঃ + থানা ও জেলা- মানিকগঞ্জ কে কোমরের অপারেশন ও চিকিৎসার জন্য এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

বিবিধ-০৪ ঃ **শিশু পার্ক নির্মাণ সংক্রান্ত আলোচনা।**

আলোচনা ঃ অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে ইতো পূর্বে পৌর পরিষদ ও টিএলসিসি কমিটির বিভিন্ন সভায় মানিকগঞ্জ পৌর এলাকায় শিশু পার্ক নির্মানের বিষয়ে বিবিধ সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এ প্রসঙ্গে তিনি আরো বলেন গতকাল ১২/১২/২০২৩ইং তারিখ রোজ মঙ্গলবার মানিকগঞ্জ পৌরসভার শহর উন্নয়ন সমন্বয় (টিএলসিসি) কমিটি'র সভায় শিশুপার্ক নির্মানের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। শিশুপার্ক নির্মানে জমি সংগ্রহের জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট জমি বন্দোবস্ত কমিটি গঠনের সুপারিশ গৃহিত হয়। উল্লেখিত কমিটিতে আলোচনা পূর্বক শিশুপার্ক নির্মানের নির্ধারিত এলাকায় জমির মালিক ও সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সহিত আলোচনা করে শিশুপার্ক নির্মানের জমি বন্দোবস্তের ব্যবস্থা গ্রহনের আলোচনা করবেন। কাউন্সিলরগণ বলেন শিশুপার্ক নির্মানের প্রস্তাবিত এলাকার জমি বেশিরভাগ মানিকগঞ্জ পৌরসভার মেয়রের ও সরকারের মালিকানাধীন রয়েছে। উল্লেখিত জমি দান অথবা পৌরসভার নামে রেজিষ্ট্রি দলিল মুলে প্রদান করা হলে শিশুপার্ক নির্মানের পরে শিশুপার্কের আয়ের একটি অংশ জমি দাতাকে প্রদান করা যেতে পারে। বিষয়টি বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শিশুপার্ক নির্মানের জন্য জমি দাতার সহিত আলাপ আলোচনা পূর্বক কিভাবে শিশুপার্ক নির্মান করা যায় এবং লভ্যাংশের কত অংশ জমি দাতাকে প্রদান করা যাবে ইত্যাদি খুটিনাটি বিষয় আলোচনা পূর্বক শিশুপার্ক নির্মাণ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী যে কোন সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং কমিটিকে শিশুপার্ক নির্মাণের লক্ষে কার্য্যক্রম গ্রহনের জন্য অনুরোধ করা হলো। শিশুপার্ক নির্মাণের বিষয়ে পৌর প্রকৌশল শাখাকে কারিগরি দিক সমীক্ষা করে পরবর্তী যে কোন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০৫ ঃ **ডাম্পিং গ্রাউন্ডের জায়গা ক্রয়ের বিষয়ে তথ্য প্রেরণ**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আলোচনা ঃ নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, ডাম্পিং গ্রাউন্ডের জায়গা ক্রয়ের বিষয়ে নিয়ামক কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। উক্ত পত্রের বিষয়ে গত ১০ ডিসেম্বর ২০২৩ খ্রি.তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩. ৯৯.০২২.২০-১৮০৬ এর মাধ্যমে ডাম্পিং গ্রাউন্ডের জায়গা ক্রয়ের বিষয়ে বিভিন্ন তথ্য চেয়ে পত্র প্রেরণ করেছেন। প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করা হয়। প্রাপ্ত পত্র বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত পত্রের চাহিত তথ্য দ্রুততম সময়ের মধ্যে নিয়ামক কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিয়া ব্যবস্থা নেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

বিবিধ-০৬ ঃ **৩নং ওয়ার্ডে পৌরসভার জায়গা অবৈধ ভাবে ভোগদখল প্রসঙ্গে আলোচনা ঃ**

আলোচনা ঃ ৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ সভাকে অবহিত করেন যে, পোড়রা র‍্যাব অফিসের পার্শ্বের ব্রীজের দক্ষিণ পাড়ে জনাব ইসমাইল (গোবরা) পৌরসভার জায়গা অবরোধ করে ঘর নির্মাণ সহ পোড়রা ব্রীজ হতে কালী খোলার মাঝ খানের খাল ভরাট করে রাস্তা নির্মাণ করছে। যার ফলে আসপাশের ফসলি জমি ক্ষতিগ্রস্থ হচ্ছে। উক্ত খাল দিয়ে শিববাড়ী, নবগ্রাম চকের ফসলী জমিতে পানি প্রবেশ করে থাকে। খালটি মাটি দ্বারা রাস্তা তৈরী করায় উল্লেখিত চক সমূহে পানি প্রবেশের প্রতিবন্ধকতার কারনে ফসলাদি উৎপাদনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এতে করে জমির মালিকগণ ক্ষতিগ্রস্থ্য হচ্ছে। মেয়র বলেন এ বিষয়ে স্থানীয় কাউন্সিলর ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা সরেজমিনে পরিদর্শন পূর্বক পরবর্তী যে কোন সভায় এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয় কাউন্সিলর ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা কে পৌর পরিষদের পরবর্তী যে কোন সভায় সংশ্লিষ্ট বিষয়ে প্রতিবেদন দাখিল করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

বিবিধ-০৭ ঃ **(১) বনগ্রাম আবাসিক এলাকায় ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তার নাম করণ প্রসঙ্গে। (২) শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করণ প্রসংগে।**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, গত ২০/১১/২০২৩ খ্রি. তারিখে বনগ্রাম আবাসিক এলাকায় ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তার নাম করন ও শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করণ বিষয়ে উপস্থাপিত হয়েছিল। অদ্যকার সভায় রাস্তা দুটির নাম করণের বিষয়ে পুনঃ উপস্থাপন করা হলো। রাস্তা দুটির নাম করণের বিষয়ে বিস্তারিত আলোচন অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তাটির নাম তছলিম-কাজল লেন ও শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করনের বিষয়ে আরো পুঙ্খানুপুঙ্খ ভাবে যাচাইবাছাইয়ের জন্য পৌর পরিষদের আগামী সভায় উপস্থাপনের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**বিবিধ-৮ ঃ জামিয়া নুরুন নাহার (দাওরায়ে হাদিস) বালিকা মাদরাসার এতিম ও অসহায় ছাত্রীদের অনুদান প্রসঙ্গেঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, গত ১২/১২/২০২৩ খ্রি. তারিখে জামিয়া নুরুন নাহার (দাওরায়ে হাদিস) বালিকা মাদরাসা মুহতামীম মাওলানা আবু সাঈদ খান স্বাক্ষতির এতিম ও অসহায় ছাত্রীদের জন্য আর্থিক সাহায্যের একটি আবেদন মেয়র বরাবরে দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রটিতে এতিম ও অসহায় ছাত্রীদের জন্য মাসিক ১০,০০০/-(দশ হাজার) টাকা হিসেবে আর্থিক সাহায্যে চেয়েছেন। মেয়র আবেদনে এককালীন হিসেবে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা লিখে দিয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জামিয়া নুরুন নাহার (দাওরায়ে হাদিস) বালিকা মাদরাসার এতিম ও অসহায় ছাত্রীদের লেখাপড়ার সুবিধার্থে আবেদন মোতাবেক মাসিক হিসাবে টাকা মঞ্জুর না করে এককালীন অনুদান হিসেবে ৩০,০০০(ত্রিশ হাজার) টাকা প্রদানের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**বিবিধ-৯ ঃ পৌরসভাধীন পোড়রা এলাকায় পৌরসভার জায়গা অস্থায়ী ভাবে জনাব মামুন খানকে ব্যবহার করার অনুমতি প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ মেয়র সভাকে জানান যে, ০৩নং ওয়ার্ডের পোড়রা এলাকার স্থায়ী বাসিন্দা জনাব মোঃ মামুন খান, পিতামৃত- ফজজুল করিম খান, মাতা- চুনিয়া বেগম পৌর এলাকায় তার নিজস্ব জায়গা সংলগ্ন পৌরসভার কিছু জায়গা অস্থায়ী ভাবে ব্যবহারের জন্য মৌখিক ভাবে অনুমতি চেয়েছেন। মেয়র সভায় জানান যে, তার জায়গা ব্যবহারের বিষয়ে স্থানীয় কাউন্সিলর ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা সরেজমিনে পরিদর্শণ করে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। পৌরসভার জায়গা ব্যবহার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পরবর্তী যে কোন সভায় স্থানীয় কাউন্সলর ও নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা উক্ত জায়গা সংক্রান্ত যাবতীয় তথ্য উপস্থাপন করার দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-১০ ঃ পৌর সুপার মার্কেটে বীর মুক্তিযোদ্ধা একেএম নুরুজ্জামানের স্ত্রী আঞ্জুমানা আরা বেগম এর নামে বরাদ্দকৃত ৪১নং দোকানটি ভাঙ্গার কারণে অন্য একটি দোকান বরাদ্দ করণ সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান, মানিকগঞ্জ বাসস্ট্যান্ড পৌর সুপার মার্কেটে বীর মুক্তিযোদ্ধা একেএম নুরুজ্জামানের স্ত্রী আঞ্জুমান আরা বেগম এর নামে বরাদ্দকৃত ৪১ নং দোকানটি বিগত সময়ে ভেঙ্গে ফেলা হয়েছে বিধায় অন্য একটি দোকান বরাদ্দ চেয়ে আবেদন করেছিলেন। উক্ত আবেদন পত্রতি গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখের পৌর পরিষদ সভায় উপস্থাপিত হয়েছিল। তার আবেদনের পরিপ্রেক্ষিতে মুক্তিযোদ্ধা পরিবারকে সহযোগিতা করার স্বার্থে বাসষ্ট্যান্ড পৌর সুপার মার্কেটের মালিক সমিতির সাথে আলোচনা পূর্বক আবেদিত জায়গায় পূর্বের চুক্তি অনুযায়ী প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের সুপারিশ মতে প্রয়োজনীয় জায়গা থাকলে মানবিক কারণে দোকান বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। প্রকৌশল বিভাগের সুপারিশ মোতাবেক পৌর সুপার মার্কেটের নীচ তলায় উত্তর পশ্চিম কোনে বাথ রুমের পশ্চিম পার্শ্বে খালি জায়গায় (যেখানে জেনারেটরের রুম অবস্থিত) সেখানে বীর মুক্তিযোদ্ধা একেএম নুরুজ্জামানের স্ত্রী আঞ্জুমান আরা বেগম এর নামে দোকান বরাদ্দ দেওয়ার বিষয়ে নথিতে অনুমোদন হয়। উল্লেখ্য যে, উক্ত জেনারেটরের রুমটি তৎকালীন পৌর মেয়রের নিকট হতে জনাব জহিরুল ইসলাম গং গত ৭/১০/২০২০ ইং তারিখ হতে ৩০/০৬/২০২২ খ্রি. পর্যন্ত ভাড়ার চুক্তিবদ্ধ হন। ইতোমধ্যে চুক্তির মেয়াদ শেষ হয়েছে। অত্র

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পৌরসভা হতে জনাব জহিরুল ইসলাম গং কে সংশ্লিষ্ট কক্ষটি ছেড়ে দেওয়ার জন্য বারবার পত্র প্রদান করা হয়েছে। কিন্তু সে দোকানের পজেশন খালি করে দিচ্ছেনা। বিষয়টি নিয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জনাব জহিরুল ইসলাম গং এর মেয়াদ উত্তীর্ণ পজেশনটি নিয়মানুযায়ী খালি করিয়া বীর মুক্তিযোদ্ধা একেএম নুরুজ্জামানের স্ত্রী আঞ্জুমান আরা বেগম এর নামে বরাদ্ধ দেওয়ার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো। জনাব জহিরুল ইসলাম গং এর মেয়াদ উত্তীর্ণ পজেশনটি খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র পৌরসভার প্রকৌশল বিভাগকে দায়িত্ব প্রদান করা হলো।

**বিবিধ-১১ ঃ পৌর রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ**

আলোচনা ঃ নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, জন-গুরুত্বের দিক বিবেচনায় রাজস্ব খাতে বাস্তবায়নের লক্ষে বেশ কিছু প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্প ও প্রাক্কলন সমূহ সভায় উপস্থাপন করা হয়। গুরুত্বের দিক বিবেচনায় প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব তহবিলে অর্থের সংস্থান সাপেক্ষে নিম্নলিখিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। প্রকল্প সমূহ দরপত্র আহবানের পর অর্থের সংস্থান হলে পর্যায় ক্রমে বিল পরিশোধ করা হবে।

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | মানিকগঞ্জ পৌরসভার ১০-১২ টনি রোড রোলার মেরামত কাজ। | ৭০,৪০০.০০ |
| ০২ | পূর্ব দাশড়া বাদলের বাড়ী হতে দক্ষিণ দিকে উত্তমের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৬৬,৬৭১.০০ |
| ০৩ | পশ্চিম দাশড়া মেইন রাস্তায় আলী আহম্মদের বাড়ী হতে খাজার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১,২৩,৪৩৬.০০ |
| ০৪ | বৈতরা কামালের বাড়ী হতে বৈতরা পশ্চিম পাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৮৮,৮২৮.০০ |
| ০৫ | পশ্চিম দাশড়া আলোকের বাড়ী হতে মুকলেছের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১,২৩,৫১৭.০০ |
| ০৬ | মানিকগঞ্জ দুধ বাজারস্থ ড্রেন মেরামত কাজ। | ২,৫৪,৭৯৩.০০ |
| ০৭ | ২০২৩ সালের বিশ্ব ইজতেমা উলক্ষ্যে পূর্ব দাশড়া রাস্তা মেরামত কাজ। | ২,৩৫,০০০.০০ |
| ০৮ | ৯নং ওয়ার্ডে বৈদ্যুতিক সড়ক বাতি লাইন স্থাপন কাজ। | ১,৩০,৮৫০.০০ |
| ০৯ | ৮নং ওয়ার্ডের জন্য ২টি ভ্যান গাড়ী তৈরীর কাজ। | ১,১০,০০০.০০ |
| ১০ | ঢাকুয়াপাড়া ছামাদের বাড়ী হতে শহীদের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,২৭,৮১৬.০০ |
| ১১ | মালঞ্চ জসিমের বাড়ী হতে প্রাইমারী স্কুল পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১,১৭,৫৯৬.০০ |
| ১২ | পৌলী মেইন রাস্তা হতে সাত্তারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৮,০৩,৮৮৩.০০ |
| ১৩ | শহীদ তজু সড়ক হতে আরেফিন কাজীর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ১,৬৫,১২৬.০০ |
| ১৪ | পশ্চিম দাশড়া গেদু মিয়ার বাড়ী হতে নুর ইসলামের বাড়ী পর্যন্ত পানির লাইন স্থাপন কাজ। | ২,১১,৯৫৭.০০ |
| ১৫ | মানিকগঞ্জ পৌরসভার ৮-১০ টনি রোড রোলার মেরামত কাজ। | ৯১,০০০.০০ |
| ১৬ | বান্দুটিয়া মেইন রাস্তা হতে কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,১২,৫৬০.০০ |
| ১৭ | উড়িয়াজানী কবরস্থানে মাটি ভরাট কাজ। | ১,২২,৮৩৫.০০ |

মোঃ রমজান আলী
মেয়র

| | | | |
|---|---|---|---|
| ১৮ | মানিকগঞ্জ পৌরসভার বিদ্যুৎ শাখায় ৭টি মই তৈরী কাজ। | ৫৬,৪৬৫.০০ | |
| ১৯ | মানিকগঞ্জ পৌরসভার লাইসেন্স শাখায় ১টি কম্পিউটার সেট, ১টি লেজার প্রিন্টার ও ১টি চেয়ার ক্রয় কাজ। | ১,৩২,৪৯০.০০ | |
| ২০ | (ক) পৌলী উত্তর পাড়া দেলোয়ারের বাড়ী হতে পূর্ব দিকে শাহাদতের বাড়ী হয়ে মাদারীর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং কাজ। (খ) পৌলী মেইন রাস্তায় আলীমের বাড়ী হতে পশ্চিম দিকে এখলাছের বাড়ী এবং আলতাবের বাড়ী হতে নুরুর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং কাজ | ৪,৮৯,৩৭৩.০০ | |
| ২১ | বান্দুটিয়া কবরস্থান হতে বান্দুটিয়া পৌলী রাস্তা উন্নয়ন কাজ (বান্দুটিয়া কবরস্থান রাস্তা)। | ৪,১২,৯৮১.০০ | |
| ২২ | পশ্চিম বান্দুটিয়া রাস্তার কাদেরের বাড়ি হতে পশ্চিম দিকে নাঈমদের বাড়ি পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৬৫,৪৯৩.০০ | |

পরিশেষে উপস্থিত সকল কাউন্সিলরদের আগামী ৭ জানুয়ারি ২০২৪ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সার্বিক সহযোগিতা কামনা করে এবং সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৫৭৩ তারিখ ঃ ১৩/১২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০৩। উপ-পরিচালক (উপসচিব),স্থানীয় সরকার, মানিকগঞ্জ
০৪। জনাব..............................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা
০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব ..........................................পদবি...................শাখা...................মানিকগঞ্জ পৌরসভা
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো
০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
পৌরসভা, মানিকগঞ্জ।